



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় : স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে ৪ (চার)টি স্থায়ী সহকারী অধ্যাপকের পদ পূরনের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

শিক্ষাগত যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই স্বাস্থ্য অর্থনীতি/অর্থনীতি/জনস্বাস্থ্য বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে স্কেল ৪.০০ এর মধ্যে ৩.৫০ অথবা কোন বিদেশী বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রীসহ এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ অথবা জিপিএ স্কেল এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ৪.২৫ থাকতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে ০৩(তিন) বছরের স্বাস্থ্য অর্থনীতি/অর্থনীতি/জনস্বাস্থ্য বিষয়ে শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ০৩(তিন)টি প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকতে হবে। Predatory Journal এ প্রকাশিত প্রকাশনা গ্রহণ করা হবে না। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকিলে পিএইচ.ডি ডিগ্রীধারীগণদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের অনুকূলে প্রদেয় =৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা মাত্র) মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফটসহ নির্ধারিত ফরমে ১০(দশ) কপি দরখাস্ত পরিচালকের নিকট পৌঁছাতে হবে। দরখাস্তের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, প্রসংশাপত্র, গ্রেটসীট/মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ -২৫/০৫/২০২২।

স-১০৩২ (৫×৩)



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগে ৩ (তিন) টি স্থায়ী লেকচারার পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : টাকা ২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

লেখকচারার পদের জন্য যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই এস.এস.সি./O-Level এবং এইচ.এস.সি./A-Level -এ ন্যূনতম প্রথম বিভাগ অথবা জিপিএ এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে ১ম শ্রেণি অথবা জিপিএ/সিজিপিএ'র ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে অথবা কোন বিদেশী বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রীপ্রাপ্ত হতে হবে। পদ পূরণে ডিজাস্টার সায়েন্স এন্ড ম্যানেজমেন্ট বিষয়ে বি.এস. (অনার্স) ও মাস্টার্স ডিগ্রীধারীরা দরখাস্ত করার যোগ্যতা রাখেন। এছাড়াও, অন্যান্য যোগ্যতা সমান থাকলে যেকোন বিজ্ঞান বা প্রকৌশল বিষয়ে স্নাতক এবং স্নাতকোত্তর শেষে Climate Change Modeling এর উপর পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশীট এবং অভিজ্ঞতার প্রমাণ পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) কপি দরখাস্ত আগামী ১২.০৫.২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

স-১০৪৭ (৫×৩)



ঢাকা বিশ্ববিদ্যালয়: থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগে ০১ (এক) টি স্থায়ী সহযোগী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল: ৫০,০০০-৭১,২০০ টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

শিক্ষাগত যোগ্যতা: প্রার্থীদের অবশ্যই থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিষয়ে অনার্স ও মাস্টার ডিগ্রী সহ উচ্চতর যোগ্যতার অধিকারী হতে হবে। পিএইচ.ডি অথবা সমমানের ডিগ্রী থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিশ্ববিদ্যালয় কিংবা অন্য কোন উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁদের কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষাদান এবং গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রকাশিত মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে। বিশ্ববিদ্যালয় শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে শিক্ষার্থীদের সামগ্রিক শিক্ষা, জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে নাট্য নির্দেশনা, পরিকল্পনা ও গবেষণার অভিজ্ঞতা যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, মার্কশীট/প্রশংসাপত্র/গ্রোডশীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত ১০.০৫.২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

স-১০৪৮ (৫×৩)